
# WELCOME
# TO
# ICT CLASS






Md. Mohiuddin (Moin)

Lecturer

Department of ICT

01625593789

moin043cse@gmail.com




সুমন আজ দুপুরে রান্নার জন্য সকাল ১০ টায় রিকশায় করে বাজারে গিয়ে রুই মাছ আর কিছু সবজি কিনে এনেছে।

গল্প বা ঘটনার তথ্য

# আজকের পাঠ
# ছয়টি প্রশ্নের উত্তর খুঁজি
# শিখন অভিজ্ঞতা ১

## ডিজিটাল সময়ের তথ্য

## সেশন: ১



# শিখনফল

আজকের পাঠ শেষে শিক্ষার্থীরা...

- তথ্য কী তা বলতে পারবে;
- ৬ক বা 5W1H কী তা লিখতে পারবে;
- তথ্য যাচাইয়ের ক্ষেত্রে ৬ক বা 5W1H এর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।




# তথ্য কী?

তথ্য হচ্ছে কোন একটি বিষয়ের উওর যেটা দ্বারা ঐ বিষয় সম্পর্কে ধার

তার আগে চল আমরা একটি গল্প পড়ি-

শিশিরের বাবা শিশিরের জন্য নতুন জুতা কিনে এনেছেনা। শিশির ও তার ছোট বোন তৃণা বাবা-মায়ের সঙ্গে কাল শ্রীমঙ্গল বেড়াতে যাবে। অনেক দিন পর এত দূরে কোথাও বেড়াতে যাবে বলে শিশির অনেক খুশি, এর মধ্যে আবার সে উপহার পেয়েছে সুন্দর জলপাই রঙের জুতা। কাল সকালে খুব ভোরে ঘুম থেকে উঠতে হবে ভাবতে ভাবতেই শিশির তার নতুন জুতা জোড়া পায়ে পরেই বিছানায় ঘুমিয়ে পড়ল। গভীর রাতে হঠাৎ শিশিরের ঘুম ভেঙে গেলো ইঁদুরের কিচকিচ শব্দে। শিশির ঘুম থেকে উঠে দেখতে পেল তার পড়ার রুমে যে ইঁদুরটি হঠাৎ হঠাৎ এক দৌড়ে এদিক থেকে ওদিক দৌড়াতে থাকে, সে ইঁদুরটি বিছানায় এসে শিশিরের নতুন জুতার সামনে চুপচাপ বসে আছে!



শিশির এই ইঁদুরের নাম দিয়েছিলো‘ধূমকেতু’। ধূমকেতু কে গত এক সপ্তাহে শিশির একবারও দেখেনি, এতদিন পর ধূমকেতু এসে একে বারে ওর বিছানায় উঠে বসেছে! শিশির বিরক্ত হলো খুব! একটু পর শিশিরকে অবাক করে দিয়ে ধূমকেতু বলে উঠল ‘ও শ্রীমঙ্গল যাচ্ছ তোমরা তাহলে?’ শিশির একটু ভয় পেয়ে পা গুটিয়ে নিল কাথার নিচে। ধূমকেতু এখন ওভাবেই বসে আছে। এবার শিশিরের বিষ্ময় গিয়ে পৌছালো সপ্তম আকাশে, যখন কাথার ভেতর থেকে নতুন জুতা বলে উঠল ‘হ্যাঁ হ্যাঁ, যাবে নাকি সঙ্গে? গেলে চল, শিশির তোমাকে তার পানির ফ্লাস্কে করে লুকিয়ে নিতে পারবে চাইলে, কী বল শিশির, পারবেনা?’ ভয়ে শিশিরের মুখ দিয়ে কোনো কথা বের হচ্ছিলনা, পা ঝাড়া দিয়ে কোনো রকমে জুতা জোড়া খুলে নিতে চাইলো...

এবার আমরা এই গল্প থেকে কিছু জিনিস বের করার চেষ্টা করব। প্রতিটি গল্প, ঘটনায় বা তথ্যে ৬টি মৌলিক বিষয় থাকে, এটিকে বলে ৬ক বা 5W1H.

৬ক হচ্ছে-

- কে
- কী
- কোথায়
- কখন
- কেন
- কীভাবে

**5W1H হচ্ছে-**

- Who
- What
- Where
- When
- Why
- How(1H)

কে, কী, কোথায়, কখন, কেন, কীভাবে এই ছয়টি প্রশ্নের উত্তর এই গল্পে আছে কিনা, আমরা খুঁজে বের করব। একটি করে উদাহরণ দেওয়া হলো, বাকিগুলো আমরা গল্প থেকে

| | | | |
|---|---|---|---|
| কে ? | ১. শিশির | ২. | ৩. |
| কী? | ১. ঘুমিয়ে পড়ল | ২. | ৩. |
| কখন? | ১. রাতে | ২. | ৩. |
| কোথায়? | ১. বিছানায় | ২. | ৩. |
| কেন? | ১. সকালে উঠতে হবে | ২. | ৩. |
| কীভাবে ? | ১. জুতা পড়ে | ২. | ৩. |

যে কোনো তথ্য উপস্থাপন করার সময় এই ছয়টি প্রশ্নের উত্তর যখন আমরা একসঙ্গে তুলে ধরতে পারব তখন ঐ বিষয় সম্পর্কে পরিপূর্ণ বা পূর্ণাঙ্গ ধারণা পাওয়া যাবে।

তথ্য প্রযুক্তির প্রসারের ফলে আমরা আগের চেয়ে অনেক বেশি তথ্য প্রতি মুহূর্তে পেতে থাকি, এর কিছু কিছু তথ্য সবসময় সত্য হয় না। ভুলবশত আমরা যদি কোনো মিথ্যা তথ্য বিশ্বাস করে ফেলি তাহলে ছোট-বড় অনেক ধরনের সমস্যা হতে পারে, তাই যেকোনো তথ্য বিশ্বাস করা এবং সেই তথ্য অন্য একজনকে দেওয়ার আগে আমাদের নিশ্চিত হতে হবে, তথ্যটি সঠিক।

আর তথ্যটি সঠিক কিনা, এটি বোঝার জন্য এই ৬ক খুবই গুরুত্বপূর্ণ। আবার আমরা যখন অন্য কাউকে তথ্য দেব, তখন লক্ষ্য রাখবো, আমার তথ্যের মধ্যে এই ৬ক এর উত্তর আছে

# দলীয় কাজ

ক দল: ৬ক গুলো কী?
লিখ।

খ দল: 5W1H কী ? লিখ।

# সমাধান

**ক দল:**

৬ক হচ্ছে-

- কে
- কী
- কোথায়
- কখন
- কেন
- কীভাবে

**খ দল:**

5W1H হচ্ছে-

- Who
- What
- Where
- When
- Why
- How(1H)

# মূল্যায়ন

১ তথ্য হচ্ছে কোন একটি বিষয়ের -

ক. উওর

খ. উপাত্ত

গ. প্রশ্ন

ঘ. ধারা

২। শিশির ইঁদুরের নাম কী দিয়েছিলো?

ক. সার্ভার

খ. মাউস

গ. ধূমকেতু

ঘ. ছায়াপথ

# মূল্যায়ন

৩। গল্পে শিশিরের জন্য নতুন জুতা কে কিনে এনেছেন?

ক. শিশিরের বাবা

খ. বাবা

গ. শিশিরের মা

ঘ. মা

৪। গল্পে শিশিরের বোনের নাম কী?

ক. তানিয়া

খ.তৃষ্ণা

গ. তৃণা

ঘ. তিথী

# মূল্যায়ন

৫। শিশির ও তার ছোট বোন তৃণা কার অথবা কাদের সাথে বেড়াতে যাবে?

ক. বাবা-মা

খ. বাবা

গ. মা

ঘ. চাচা

৬। শিশির ও তার ছোট বোন তৃণা কোথায় বেড়াতে যাবে?

ক. সিলেট

খ. রাজশাহী

গ. শ্রীমঙ্গল

ঘ. দিনাজপুর

# মূল্যায়ন

৭। শিশিরের জুতার রং কী?

ক. জলপাই

খ. কালো

গ. লাল

ঘ. সবুজ

৮। শিশিরের ঘুম ভেঙে গেলো কিসের শব্দে?

ক. তেলাপোকার শব্দে

খ. কুকুরের আওয়াজ

গ. ইঁদুরের কিচকিচ

ঘ. শিয়ালের আওয়াজ

# বাড়ির কাজ

গল্পটি পড় এবং নিচের প্রশ্নের উত্তর দাও।

সুমন আজ দুপুরে রান্নার জন্য সকাল ১০ টায়  রিকশায় করে বাজারে গিয়ে রুই মাছ আর কিছু সবজি কিনে এনেছে।

কে, কী, কোথায়, কখন, কেন, কীভাবে এই ছয়টি প্রশ্নের উত্তর এই গল্পে আছে কিনা, খুঁজে বের কর।





# THANK YOU ALL